



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ 'ওয়াসা ভবন'
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৯০৪

তারিখঃ ১১/১০/২০২১

বার্তা সম্পাদক
“দৈনিক সমকাল”
ঢাকা।


বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বক্তব্য।

গত ০৯ অক্টোবর, ২০২১ তারিখে আপনাদের “দৈনিক সমকাল” পত্রিকায় পুরান ঢাকার ইশ্বর দাস লেনে একটি গাড়ির দৃশ্য দেখানো হয়েছে। প্রকাশিত সংবাদ চিত্রটি ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

প্রকৃত তথ্য এই যে, ঢাকা ওয়াসা পাইপ লাইনের কাজে কোন রাস্তা খোঁড়াখুড়ি প্রয়োজন পড়লে তা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে এবং রাস্তা মেরামতের অর্থ অগ্রীম পরিশোধের পরই কাজ করা হয়। এক্ষেত্রে মেরামতের দায়ভার ঢাকা ওয়াসার নয় বরং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের। প্রদর্শিত ছবিটি একটি চলমান কাজের ঐ সময়ের দৃশ্য। যদিও সড়ক মেরামতির কাজটি ঢাকার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের, তথাপি জনদূর্ভোগের কথা বিবেচনা করে বর্তমানে ঢাকা ওয়াসা ওই স্থানে স্টীল প্লেইন শীট দিয়ে রাস্তাটি সচল করে দিয়েছে। বিষয়টি আপনার অবগতির জন্য জানানো হ'ল।

পরিশেষে, ঢাকা ওয়াসার বক্তব্যটি আপনাদের “দৈনিক সমকাল” পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে



এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।